



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
হাইড্রোকার্বন ইউনিট ১৫৩, পাইওনিয়ার রোড,  
সেগুনবাগিচা, ঢাকা। www.hcu.org.bd

**বিষয়ঃ হাইড্রোকার্বন ইউনিটের উদ্ভাবনী কর্মপরিকল্পনা সংক্রান্ত ইনোভেশন টিমের প্রথম সভার কার্যবিবরণী।**

সভাপতি মোঃ জাকির হোসেন  
পরিচালক (উপসচিব) ও চিফ ইনোভেশন অফিসার, হাইড্রোকার্বন ইউনিট।  
সভার তারিখ ২৭-০৯-২০২০ ইং  
সভার সময় রবিবার, সকাল ১১:৩০ ঘটিকা  
স্থান হাইড্রোকার্বন ইউনিট, মিনিকনফারেন্স রুম।  
উপস্থিতি ক) জনাব, মেহেদী হাসান (পরিকল্পনা ও পিএসসি) ও সদস্য-সচিব, ইনোভেশন টিম। খ) জনাব, শিহাব  
মাহমুদ, সহকারি পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন) ও সদস্য, ইনোভেশন টিম। গ) জনাব দেবব্রত দাস,  
সহকারি পরিচালক (প্রশাসন ও হিসাব) ও সদস্য, ইনোভেশন টিম।

## ২.০ আলোচনাঃ

২.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতি ক্রমে ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মেহেদী হাসান, উপ পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) সভার কার্যপত্র উপস্থাপনা করেন। সভায় ২০২০-২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে পর্যালোচনা করা হয়। তারপর সভাপতি অত্র অফিসের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার অক্টোবর ২০২০ ইং পর্যন্ত কি কি বাস্তবায়ন করতে হবে সেই সম্পর্কে আলোচনা করেন।

২.২। সভাপতি উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে কর্মশালার আয়োজন, উদ্ভাবন ও সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণের আয়োজন, উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহ্বান করে এবং প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাই পূর্বক তালিকা প্রণয়ন করে ওয়েবসাইটে প্রকাশ করা, প্রতি বছরের বাস্তবায়িত সেবা সহজিকরণের তথ্য ওয়েবসাইটে আপলোড করা এবং ইনোভেশন টিমের পূর্ণাঙ্গ তথ্যসহ প্রতি বছরের উদ্ভাবনের সকল তথ্য ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে আলোচনা ও নির্দেশনা প্রদান করেন। পরিশেষে, সভাপতি উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের নির্দেশনা সমূহ যথাযথ অনুসরণের উপর গুরুত্বারোপ করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

## ৩.০ সিদ্ধান্তঃ

ক) উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহ্বান করে এবং প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাই পূর্বক তালিকা প্রণয়ন করে ওয়েবসাইটে প্রকাশ করা ব্যবস্থা গ্রহণ করতে হবে।

খ) উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণের আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় কমিটির সদস্য সচিব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ জাকির হোসেন  
পরিচালক (উপসচিব) ও চিফ ইনোভেশন  
অফিসার, হাইড্রোকার্বন ইউনিট।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট
- ২) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৩) অফিস কপি, হাইড্রোকার্বন ইউনিট, সেগুন বাগিচা, ঢাকা।



মোঃ জাকির হোসেন  
পরিচালক (উপ সচিব), চিফ ইনোভেশন  
অফিসার, হাইড্রোকার্বন ইউনিট।